

## B.A. 1st Semester (Honours) Examination, 2017 (CBCS)

Subject : Bengali

Paper : CC-II

সময় : তিন ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

১। যে-কোনো ১০টি প্রশ্নের উত্তর দাও:

২×১০=২০

- (ক) যতিলোপ কাকে বলে?
- (খ) মিশ্রবৃত্তের শোষণশক্তি বলতে কী বোঝায়?
- (গ) তিনটি রুদ্ধদলে গঠিত পর্ব আছে—এরকম দলবৃত্ত ছন্দের একটি কবিতাংশের উদাহরণ দাও।
- (ঘ) যতি কাকে বলে?
- (ঙ) 'ছন্দ' শব্দটি তিনটি নিয়মিত ছন্দে কত করে মাত্রা পায়?
- (চ) মিশ্রবৃত্ত ছন্দের আরো দুটি নাম লেখো।
- (ছ) মহাপয়ার ছন্দের একটি উদাহরণ দাও ও মাত্রা নির্দেশ করো।
- (জ) অপূর্ণপর্ব কাকে বলে?
- (ঝ) শব্দালঙ্কার ও অর্থালঙ্কারের দুটি পার্থক্য লেখো।
- (ঞ) অতিশয়োক্তি অলংকারে উপমানের ভূমিকা কী?
- (ট) অলংকার কাকে বলে?
- (ঠ) অসংগতি অলংকারের একটি উদাহরণ দাও।
- (ড) সার্থক-নিরর্থক যমকের একটি উদাহরণ দাও।
- (ঢ) যমক ও শ্লেষ অলংকারের প্রধান পার্থক্য কোথায়?
- (ণ) ব্যাজস্ততি অলংকারের সংজ্ঞা দাও।

২। 'ক' ও 'খ' প্রতিটি বিভাগ থেকে দুটি করে প্রশ্নের মোট চারটি প্রশ্নের উত্তর দাও:

৫×৪=২০

(ক) যে-কোনো দুটি কবিতাংশের ছন্দোলিপি প্রস্তুত করো:

৫×২=১০

- (অ) মনে ভাবিলাম মোরে ভগবান রাখিবে না মোহ গর্তে  
তাই লিখি দিল বিশ্বনিখিল দুবিঘার পরিবর্তে।
- (আ) প্রণমিয়া পাটুনী কহিছে জোড় হাতে।  
আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।।

Please Turn Over

(ই) বিনুর বয়স তেইশ যখন রোগে ধরল তারে  
ওষুধে ডাক্তারে  
ব্যাধির চেয়ে আধি হল বড়ো  
নানা মাপের জমল শিশি নানা মাপের কৌটো হল জড়ো।

(খ) যে-কোনো দুটির অলংকার নির্ণয় করো:

৫×২=১০

(অ) আছিলাম একাকিনী বসিয়া কাননে।

আনিলা তোমার স্বামী বান্ধি নিজগুণে।।

(আ) কে দেখতে পায় চোখের কাছে

কাজল আছে কি না আছে,

তরল তব সজল দিঠি মেঘের চেয়ে কালো।

(ই) দেখিলাম কালবৈশাখীর

ভুকুটি কুটিল কালো কঠোর কাঠিন্যভরা মুখ।

৩। নীচের দুটি প্রশ্নের উত্তর দাও:

১০×২=২০

(ক) উদাহরণসহ তিনটি নিয়মিত ছন্দের মাত্রাবিন্যাসের পার্থক্য দেখাও। প্রসঙ্গত উদাহরণসহ সনেটের বৈশিষ্ট্যগুলি লেখো।

৬+৪=১০

অথবা

মিশ্রবৃত্তের পয়ারের সঙ্গে অমিত্রাক্ষর ছন্দের সাদৃশ্য ও পার্থক্য উদাহরণসহ স্পষ্ট করো। কে প্রথম সার্থকভাবে কোন গ্রন্থে মুক্তক ছন্দ ব্যবহার করেছিলেন?

৮+২=১০

(খ) রূপক অলংকারের সংজ্ঞা, শ্রেণিবিভাগ উদাহরণসহ বর্ণনা করো। উৎপ্রেক্ষা অলংকারের সঙ্গে এই অলংকারের পার্থক্য নির্দেশ করো।

৭+৩=১০

অথবা

সাদৃশ্যমূলক অলংকারের সঙ্গে বিরোধমূলক অলংকারের পার্থক্য কোথায়? উভয় শ্রেণির একটি করে অলংকার দুটি করে উদাহরণসহ বুঝিয়ে দাও।

৪+৬=১০

০৫০৪১০

০৫০৪১০

Please Turn Over